# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৯৩৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৩৯]

পর্ব-১১: সালাত শুরু করা (كِتَابُ الْإِفْتِتَاحِ)

পরিচ্ছেদঃ ৩৭: কুরআন সম্বন্ধীয় বিবিধ রিওয়ায়াত

## جامع ما جاء في القرآن

আরবী

أَخْبَرَنَا يُونُسُ بْنُ عَبْدِ الْأَعْلَى، قال: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ، قال: أَخْبَرَنِي يُونُسُ، عَنِ ابْنِ شِهَابٍ قال: أَخْبَرَنِي عُرْوَةُ بْنُ الزُّبَيْرِ، أَنَّ الْمِسْوَرَ بْنَ مَخْرَمَةَ، وَعَبْدَ الرَّحْمَنِ بْنَ عَبْدٍ الْقَارِيَّ أَخْبَرَاهُ، أَنَّهُمَا سَمِعَا عُمَرَ بْنَ الْخَطَّابِ، يَقُولُ: سَمِعْتُ هِشَامَ بْنَ حَكِيمٍ يَقْرَأُ سُورَةَ الْفُرْقَانِ فِي حَيَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَاسْتَمَعْتُ لِقِرَاءَتِهِ فَإِذَا هُوَ يَقْرَؤُهَا عَلَى حُرُوفٍ كَثِيرَةٍ لَمْ يُقْرِئْنِيهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكِدْتُ أُسَاوِرُهُ فِي الصَّلَاةِ فَتَصَبَّرْتُ حَتَّى سَلَّمَ فَلَمَّا سَلَّمَ لَبَّبْتُهُ بِرِدَائِهِ فَقُلْتُ مَنْ أَقْرَأَكَ هَذِهِ السُّورَةَ الَّتِي سَمِعْتُكَ تَقْرَؤُهَا فَقَالَ: أَقْرَأَنِيهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ: كَذَبْتَ فَوَاللَّهِ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هُوَ أَقْرَأَنِي هَذِهِ السُّورَةَ الَّتِي سَمِعْتُكَ تَقْرَؤُهَا فَانْطَلَقْتُ بِهِ أَقُودُهُ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنِّي سَمِعْتُ هَذَا يَقْرَأُ سُورَةَ الْفُرْقَانِ عَلَى حُرُوفٍ لَمْ تُقْرِئْنِيهَا وَأَنْتَ أَقْرَأْتَنِي سُورَةَ الْفُرْقَانِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَرْسِلْهُ يَا عُمَرُ اقْرَأْ يَا هِشَامُ فَقَرَأَ عَلَيْهِ الْقِرَاءَةَ الَّتِي سَمِعْتُهُ يَقْرَؤُهَا قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: هَكَذَا أُنْزِلَتْ ، ثُمَّ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: اقْرَأْ يَا عُمَرُ فَقَرَأْتُ الْقِرَاءَةَ الَّتِي أَقْرَأَنِي قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: هَكَذَا أُنْزِلَتْ ، ثُمَّ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ هَذَا الْقُرْآنَ أُنْزِلَ عَلَى سَبْعَةِ أَحْرُفٍ فَاقْرَءُوا مَا تَيَسَّرَ مِنْهُ .

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٩٣٧، (تحفة الأشراف: ١٠٥٩١) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 939 ـ صحيح

বাংলা

৯৩৮. ইউনুস ইবনু ’আবদুল আ’লা (রহ.) ..... উমার ইবনুল খত্ত্বাব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা.) -এর জীবদ্দশায় হিশাম ইবনু হাকীমকে সূরাহ্ ফুরক্বান পড়তে শুনেছি। আমি তার কিরাআত লক্ষ্য করে শুনলাম। শুনলাম, তিনি তা পড়ছেন এমন কতগুলো অক্ষরসহ যা রাসূলুল্লাহ (সা.) আমাকে পড়াননি। সালাতের মধ্যেই আমি তাকে আক্রমণ করতে মনস্থ করলাম। কিন্তু আমি তাঁর সালাম ফিরানো পর্যন্ত অপেক্ষা করলাম। যখন তিনি সালাম ফিরালেন আমি তাঁকে তাঁর চাদর দ্বারা পেঁচিয়ে প্রশ্ন করলাম, আপনাকে এ সূরাটি কে শিখিয়েছে যা আপনাকে পড়তে শুনলাম? তিনি বললেন, আমাকে তা রাসূলুল্লাহ (সা.) শিখিয়েছেন। আমি বললাম, আপনি মিথ্যা বলছেন। আল্লাহর কসম রাসূলুল্লাহ (সা.) আমাকেও এ সূরাটি শিখিয়েছেন যা আপনাকে পড়তে শুনলাম। অতঃপর তাকে নিয়ে রাসূলুল্লাহ (সা.) -এর নিকট গিয়ে বললাম, হে আল্লাহর রসূল! আমি তাঁকে সূরাহ্ ফুরক্বান পড়তে শুনেছি এমন কতগুলো অক্ষরসহ যা আপনি আমাকে পড়াননি অথচ আপনিই আমাকে তা শিখিয়েছেন। তখন রাসূলুল্লাহ (সা.) বললেন, হে ’উমার! তাকে ছেড়ে দাও। হে হিশাম! পড়, তখন তিনি এ ক্বিরাআত পড়লেন যা আমি তাকে পড়তে শুনেছি। রাসূলুল্লাহ (সা.) বললেন, এরূপই নাযিল হয়েছে। অতঃপর রাসূলুল্লাহ (সা.) বললেন, তুমি পড় হে ’উমার! তখন আমি তাকে পড়ে শুনালাম যেভাবে তিনি আমাকে পড়িয়েছেন। তখন রাসূলুল্লাহ (সা.) বললেন, এরূপই নাযিল হয়েছে। অতঃপর রাসূলুল্লাহ (সা.) বললেন, এ কুরআন নাযিল হয়েছে সাত ভাষায়। অতএব, তোমাদের যেরূপ সহজ হয় সেরূপ পড়।

## English

37. Collection Of What Was Narrated Concerning The Qur'an

Urwah bin Az-Zubair narrated that Al-Miswar bin Makhramah and AbdurRahman bin Abdul-Qari told him that: They heard Umar bin Al-Khattab say: I heard Hisham bin Hakim bin Hizam reciting Surat Al-Furqan during the lifetime of the Messenger of Allah (ﷺ), so I listened to his recitation and he was reciting it in a way that the Messenger of Allah (ﷺ) had not taught me. I was about to jump on him while he was praying, but I waited patiently until he said the Salam (at the end of the prayer). When he hhad said the Salam I grabbed him by his garment and said: 'Who taught you this Surah that I heard you reciting?' He said: 'The Messenger of Allah (ﷺ) taught me it. I said: 'You are lying, by Allah! The Messenger of Allah (ﷺ) is the one who taught me this Surah that I heard you reciting.' I took him to the Messenger of Allah (ﷺ) and said: 'O Messenger of Allah, I heard this man reciting Surat Al-Furqan in a way that you did not teach me, but you taught me Surat Al-

Furqan.' The Messenger of Allah (ﷺ) said:' Let him go, O Umar. Recite, O Hisham.' So I recited it to him in the way that I had heard him recite. The Messenger of Allah (ﷺ) said: 'It was revealed like this.' Then the Messenger of Allah (ﷺ) said: 'Recite, O Umar.' So I recited it in the way that he had taught me. The Messenger of Allah (ﷺ) said: 'It was revealed like this.' Then the Messenger of Allah (ﷺ) said: 'This Quran has been revealed to be recited in seven different modes, so recite as much of the Quran as may be easy for you.'

## ফুটনোট

সহীহ: বুখারী ৪৯৯১, মুসলিম (১/২৭২)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87312

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন